EIIN : 131936

# প্রসপেক্টাস



## এ্যাডভান্সড রেসিডেন্সিয়াল মডেল কলেজ

## ময়মনসিংহ

স্থাপিত : ২০০৫ইং
কলেজ কোড : ৭৩০২

## স্মৃতির পাতায়...







এ্যাডভান্সড রেসিডেন্সিয়াল মডেল কলেজ, ময়মনসিংহ

ARMC

স্থাপিত : ২০০৫ইং

প্রসপেক্টাস



## জাতীয় সংগীত

আমার সোনার বাংলা, আমি তোমায় ভালবাসি।
চিরদিন তোমার আকাশ, তোমার বাতাস, আমার প্রাণে বাজায় বাঁশি ॥
ও মা, ফাগুনে তোর আমের বনে ঘ্রাণে পাগল করে,
মরি হায়, হায় রে-
ও মা, অঘ্রানে তোর ভরা ক্ষেতে আমি কি দেখেছি মধুর হাসি ॥
কী শোভা, কী ছায়া গো, কী স্নেহ, কী মায়া গো-
কী আঁচল বিছায়েছ বটের মূলে, নদীর কূলে কূলে।
মা, তোর মুখের বাণী আমার কানে লাগে সুধার মতো,
মরি হায়, হায় রে-
মা, তোর বদনখানি মলিন হলে, ও মা, আমি নয়ন জলে ভাসি ॥

-রবীন্দ্রনাথ ঠাকুর



## কলেজ সংগীত

আমরা মডেল হব,
মোরা ফুল হয়ে ফুটবো ॥
সকাল সাঁঝের এই যে শপথ
সুন্দর পৃথিবী গড়বো ॥

লাল সবুজের এই পতাকা
আমরা ধরে রাখবো ॥
পৃথিবীর প্রান্তরে ছড়িয়ে মোরা
আগামী দিনের গান শোনাব
ঐ
আমরা হব আকাশ সম
বাধার পাহাড় যত মাড়াব
সাগরের মতো ঢেউয়ে-ঢেউয়ে
আশার বাণী ছড়াবো।
ঐ


এই আমাদের প্রিয় প্রাঙ্গণ
নিষ্পাপ আমাদের অন্তর
ভেদাভেদ ভুলে এখানে শুধু
স্থান পায় অনুপম সুন্দর।

মেধায় মননে আমরা সবাই,
যুগের সেরা যে হবো।
নতুন-নতুন কাজে কর্মে
সকলের মন জয় করবো

আমরা মডেল হব
মোরা ফুল হয়ে ফুটবো
সকাল সাঁঝের এই যে শপথ
সুন্দর পৃথিবী গড়বো ॥

---

কথা : মু. কামরুল হাসান
সুর : বাবুল আহমেদ



প্রসপেকটাস










২০০৫-২০১৭

"মেধায় মননে আমরা সবাই যুগের সেরা হবো"

ARMC যুগপূর্তি

## পরিচালনা পর্ষদ

## এআরএমসি ফাউন্ডেশন

- জনাব ইঞ্জিনিয়ার মোঃ আব্দুর রশিদ
  চেয়ারম্যান
- ড. মোঃ আলী আশরাফ
  ভাইস চেয়ারম্যান
- জনাব শাহ্ মোঃ মোস্তফা নূর
  নির্বাহী পরিচালক
- মিসেস কামরুন্নাহার
  পরিচালক
- জনাব মোঃ আব্দুর রাজ্জাক
  পরিচালক (অর্থ)
- মিসেস আফরোজা রশিদ
  পরিচালক
- জনাব মু. কামরুল হাসান মিলন
  অধ্যক্ষ ও পরিচালক

এ্যাডভান্সড রেসিডেন্সিয়াল মডেল কলেজ, ময়মনসিংহ

স্থাপিত : ২০০৫ইং

প্রসপেক্টাস







ARMC

## আমাদের বৈশিষ্ট্য






- ছাত্র-ছাত্রীদের সম্পূর্ণ পৃথক ক্যাম্পাস ও আবাসিক সুবিধা।
- উত্তম শিক্ষাগত যোগ্যতার অধিকারী এক ঝাঁক নিবেদিতপ্রাণ তরুণ ও অভিজ্ঞ শিক্ষক।
- প্রতি সেকশনে আসন সংখ্যা সর্বোচ্চ ৬০।
- সকল শাখার ব্যবহারিক বিষয়ের জন্য রয়েছে সমৃদ্ধ ল্যাবরেটরি।
- সার্বক্ষণিক বিদ্যুৎ ব্যবস্থা।
- ক্যাম্পাসের ভেতরে সুনিয়ন্ত্রিত ও নিরাপদ ছাত্র ও ছাত্রী হোস্টেল।
- আবাসিক শিক্ষার্থীদের জন্য নিয়মিত সান্ধ্যকালীন কোচিং এর ব্যবস্থা।
- সাপ্তাহিক, মাসিক ও টার্মিনাল পরীক্ষার ব্যবস্থা।
- টার্মিনাল, বার্ষিক ও প্রাক-নির্বাচনী পরীক্ষার ফলাফলসহ গ্রুপ টিচার কর্তৃক হোম ভিজিট।
- শিক্ষার্থীদের সর্বশেষ অবস্থা সম্পর্কে চিঠি/ফোন/মোবাইলের মাধ্যমে অভিভাবকদের সঙ্গে নিয়মিত যোগাযোগ।
- সহপাঠ্যক্রমিক কার্যক্রমের সুব্যবস্থা।
- অভাবিত কারণে ক্লাসের ক্ষতি হলে তা পূরণ করার জন্য শুক্রবারে ক্লাস নেয়া এবং প্রয়োজনে নির্ধারিত ছুটি হ্রাস করা।





## আমাদের লক্ষ্য

- জাতির জন্য সুশিক্ষা।
- রাজনীতি ও নকলমুক্ত শিক্ষা।
- সৎ, সাহসী, যোগ্য ও দেশপ্রেমিক নাগরিক সৃষ্টি করা।
- যাবতীয় সন্ত্রাস, দুর্নীতি ও জঙ্গীবাদের বিরুদ্ধে আপসহীন মনোভাব গড়ে তোলা।
- সমস্ত অশিক্ষা, কুশিক্ষা, কুসংস্কার ও অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদী চেতনা গড়ে তোলা।
- নিজেদের গৌরবোজ্জ্বল ইতিহাস, ঐতিহ্য ও মূল্যবোধ সম্পর্কে সম্যক ধারণা প্রদান।
- স্ব-স্ব ধর্মীয় বিধি-বিধান পালনে উৎসাহিত করা।



# পাঠ্য বিষয়সমূহ...

| বিজ্ঞান শাখা | | ব্যবসায় শিক্ষা শাখা | | মানবিক শাখা | |
|---|---|---|---|---|---|
| **আবশ্যিক বিষয়- ৫০০** | **নম্বর** | **আবশ্যিক বিষয়- ৫০০** | **নম্বর** | **আবশ্যিক বিষয়- ৫০০** | **নম্বর** |
| ১. বাংলা | ২০০ | ১. বাংলা | ২০০ | ১. বাংলা | |
| ২. ইংরেজি | ২০০ | ২. ইংরেজি | ২০০ | ২. ইংরেজি | |
| ৩. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | ১০০ | ৩. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | ১০০ | ৩. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | |
| **নৈর্বাচনিক বিষয় ৩টিঃ** | **৬০০** | **নৈর্বাচনিক বিষয় ৩টিঃ** | **৬০০** | **নৈর্বাচনিক বিষয় ৩টি ঃ** | **৬০০** |
| ১. পদার্থ বিজ্ঞান | ২০০ | ১. হিসাব বিজ্ঞান | ২০০ | ১. অর্থনীতি | ২০০ |
| ২. রসায়ন বিজ্ঞান | ২০০ | ২. ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা | ২০০ | ২. পৌরনীতি ও সুশাসন | ২০০ |
| ৩. উচ্চতর গণিত/জীব বিজ্ঞান | ২০০ | ৩. ফিন্যান্স ব্যাংকিং ও বিমা অথবা উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন | ২০০ | ৩. সমাজকর্ম | ২০০ |
| | | | | ৪. ভূগোল | ২০০ |
| | | | | ৫. যুক্তিবিদ্যা | ২০০ |
| **ঐচ্ছিক বিষয় ১টি ঃ** | **২০০** | **ঐচ্ছিক বিষয় ১টি ঃ** | **২০০** | **ঐচ্ছিক বিষয় ১টি ঃ** | **২০০** |
| ১. উচ্চতর গণিত | | ১. কৃষি শিক্ষা | | ১. কৃষি শিক্ষা | |
| ২. জীববিজ্ঞান | | ২. ভূগোল | | ২. ইসলাম শিক্ষা | |
| | | ৩. ফিন্যান্স ব্যাংকিং ও বিমা | | ৩. ভূগোল | |
| | | ৪. উৎপাদন ও বিপনণ | | ৪. যুক্তিবিদ্যা | |
| | | | | ৫. সমাজকর্ম | |
| | | | | ৬. পৌরনীতি ও সুশাসন | |
| | | | | ৭. অর্থনীতি | |

**(বিঃ দ্রঃ- নৈর্বাচনিক বিষয় হিসেবে গৃহীত বিষয়কে ঐচ্ছিক বিষয় হিসেবে নেয়া যাবে না।)**

# হোস্টেলের দৈনন্দিন খাবারের তালিকা




| বার | সকালের নাস্তা | দুপুরের খাবার | রাতের খাবার |
|---|---|---|---|
| শনিবার | ভাত, আলুভর্তা/ডিম ও ডাল | ভাত, শাক/সবজি মাছ ও ডাল | ভাত, মাছ ভর্তা ও ডাল |
| রবিবার | ভাত, সবজি/ভাজি ও ডাল | ভাত, মুরগি শাক/সবজি ও ডাল | ভাত, ডিম ভূনা ও ডাল |
| সোমবার | খিচুরী ও ডিম ভূনা | ভাত, শাক/সবজি মাছ, ডাল | ভাত, মুরগী ও ডাল |
| মঙ্গলবার | ভাত, আলুভর্তা/সবজি ও ডাল | ভাত, মুরগি/মাছ ফ্রাই সবজি ও ডাল | ভাত, সবজি, ডিম ও ডাল |
| বুধবার | ভাত, ভাজি/ডিম ও ডাল | ভাত, শাক/সবজি মাছ ও ডাল | ভাত, মুরগি ও ডাল |
| বৃহস্পতিবার | ভাত, সবজি ও ডাল | ভাত, শাক/সবজি মুরগি ও ডাল | ভাত, ডিম ভূনা ও ডাল |
| শুক্রবার | খিচুরী ও ডিম ভূনা | ভাত, মুরগি সবজি ও ডাল | ভাত, শুটকি/সবজি ও ডাল |

**বিশেষ দ্রষ্টব্য :** প্রয়োজনে খাবারের তালিকা পরিবর্তন হতে পারে।





## একাডেমিক সুবিধা...



**Library:**
কলেজ পাঠাগারে রয়েছে বিষয়ভিত্তিক পর্যাপ্ত বইয়ের সমাহার। ছাত্র-ছাত্রীরা নির্দিষ্ট সময়ের জন্য এ সমস্ত বই পাঠাগার থেকে নিয়ে পড়তে পারে।

**Laboratory:**
বিজ্ঞান ও অন্যান্য বিভাগের শিক্ষার্থীদের জন্য রয়েছে বিষয়ভিত্তিক পৃথক-পৃথক সমৃদ্ধ Laboratory যেখানে সিলেবাস অনুযায়ী যথাসময়ে ব্যবহারিক ক্লাসসমূহ গ্রহণ করা হয়।

**Group Teacher:**
আবাসিক ছাত্র-ছাত্রীদের জন্য একাধিক আবাসিক শিক্ষক এবং অনাবাসিক শিক্ষার্থীদের ক্ষেত্রে ১৫/২০ জন শিক্ষার্থীর জন্য একজন করে গ্রুপ টিচার রয়েছেন। তিনি বিভিন্ন সমস্যা সমাধানে শিক্ষার্থীদের সহায়তা ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান এবং শিক্ষার্থীদের সার্বিক মানোন্নয়নের জন্য কার্যকরী ব্যবস্থা গ্রহণ করে থাকেন। গ্রুপ টিচারগণ প্রত্যেক টার্মিনাল, বার্ষিক ও প্রাক-নির্বাচনী পরীক্ষার ফলাফলসহ হোম ভিজিটে যান।

## পাঠদান পদ্ধতি :

**Foundation Class:**
সম্ভব হলে শিক্ষা বোর্ড কর্তৃক ঘোষিত ক্লাস শুরুর তারিখের অন্তত ০৭ দিন পূর্বে Foundation Class শুরু হয়। এই ক্লাসগুলোতে প্রত্যেক বিষয়ের সিলেবাস সম্পর্কে বিস্তারিত আলোকপাত করা হয়। সেই সঙ্গে প্রতিষ্ঠানের নিয়মাবলি এবং পাঠ পরিকল্পনা সম্পর্কে বিশদ আলোচনা করা হয়।

**Study Plan:**
সিলেবাস অনুযায়ী সকল বিষয়ে পাঠ পরিকল্পনা তৈরি করে প্রথম ক্লাসেই তা শিক্ষার্থীদের কাছে সরবরাহ করা হয়। উক্ত Study Plan অনুযায়ী সারা বছর পাঠদান করা হয় এবং পরীক্ষাসমূহ অনুষ্ঠিত হয়।

**Spot Test:**
শিক্ষার্থীদেরকে শ্রেণিকক্ষে মনোযোগী করার জন্য শিক্ষকবৃন্দ স্ব-স্ব ক্লাসে মাঝে মধ্যেই Spot Test গ্রহণ করবেন। তজ্জন্য শিক্ষার্থীদেরকে সবসময়ই সাদা কাগজ সাথে রাখতে হবে।

**Weekly Test:**
ক্লাস রুটিন অনুযায়ী Weekly Test অনুষ্ঠিত হয়।

**Monthly Test:**
প্রতি মাসের শেষ সপ্তাহে মাসিক পরীক্ষা অনুষ্ঠিত হয়।

**Terminal Examination:**
মাসিক পরীক্ষা ছাড়াও বছরে ২টি টার্মিনাল পরীক্ষা ও বার্ষিক পরীক্ষা নির্ধারিত সময়ে অনুষ্ঠিত হবে। দ্বাদশ শ্রেণিতে যথাসময়ে প্রাক-নির্বাচনী ও নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হয়।



# সহপাঠ্যক্রমিক কর্মসূচি...



**নবীন বরণ:**

ক্লাস শুরুর দিনেই নানা ধরণের কর্মসূচির মাধ্যমে শিক্ষার্থীদের বরণ করে নেয়া হয়।

**বিভিন্ন দিবস পালন:**

বিভিন্ন গুরুত্বপূর্ণ ধর্মীয়, জাতীয় ও আন্তর্জাতিক দিবসসমূহ যথাযথভাবে উদযাপনের জন্য বিভিন্ন কর্মসূচি পালন করা হয়।

**অভিভাবক দিবস:**

কলেজের প্রশাসনিক, একাডেমিক এবং ছাত্র-ছাত্রীদের সর্বশেষ অবস্থা নিয়ে পরামর্শ ও মতবিনিময়ের জন্য সংশিষ্ট আবাসিক শিক্ষক/ গ্রুপ টিচারের উপস্থিতিতে অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়।

**প্রকাশনা:** শিক্ষার্থীদের সৃজনশীল প্রতিভা বিকাশের লক্ষ্যে বিভিন্ন জাতীয় দিবসে দেয়ালিকা, এআরএমসি বার্তা ও বার্ষিক ম্যাগাজিন প্রকাশের ব্যবস্থা রয়েছে।

**বার্ষিক অনুষ্ঠান:** প্রতি বছর বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা, আন্তঃ শাখা ক্রিকেট ও ফুটবল প্রতিযোগিতা, পুরস্কার বিতরণী অনুষ্ঠান, বিতর্ক প্রতিযোগিতা এবং বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়। শিক্ষার্থীদের মানসিক বিকাশ ও চিত্ত-বিনোদনের জন্য বনভোজন এবং শিক্ষা সফরের ব্যবস্থা করা হয়। আবাসিক ছাত্র-ছাত্রীদের জন্য আবৃত্তি, বিতর্ক ইত্যাদি বিষয়ে বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে।










# প্রতিষ্ঠানের নিয়মাবলি



০১। ছাত্র ও ছাত্রীদের পৃথক ক্যাম্পাসে ক্লাস অনুষ্ঠিত হয় প্রয়োজনে উভয় ক্যাম্পাসে প্রভাতী ও দিবা এই দুই শিফটে ক্লাস নেয়া হয়। শিফট নির্ধারণের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য করা হবে।

০২। নির্ধারিত পোশাক ও আই.ডি কার্ড সবার জন্য বাধ্যতামূলক। তবে প্যান্ট-শার্ট পড়তে অনিচ্ছুক ছাত্ররা সাদা পাঞ্জাবি-পায়জামা পরিধান করতে পারবে।

০৩। মোবাইল, সিম কার্ড, ক্যামেরা, বাইনোকুলার, স্বর্ণের গহনা ও প্রয়োজনের অতিরিক্ত নগদ টাকা-পয়সা নিয়ে কলেজে আসা যাবে না।

০৪। নির্ধারিত তারিখে বেতন পরিশোধ করতে হবে। অন্যথায় বিধি অনুযায়ী জরিমানা দিতে হবে।

০৫। প্রত্যেক টার্মিনাল, বার্ষিক ও প্রাক-নির্বাচনী পরীক্ষার পূর্ব পর্যন্ত মাসিক বেতন, পরীক্ষার ফি-এবং অন্যান্য সমস্ত পাওনা নির্ধারিত তারিখে পরিশোধ করে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

০৬। দ্বাদশ শ্রেণির নির্বাচনী পরীক্ষার পূর্বে পরবর্তী জুন মাস পর্যন্ত মাসিক বেতন, পরীক্ষার ফি-এবং অন্যান্য সমস্ত পাওনা নির্ধারিত তারিখে পরিশোধ করে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

০৭। সংশিষ্ট ক্যাম্পাস ভিজিল্যান্স প্রধানের পূর্বানুমতি ছাড়া কোন শিক্ষার্থী ক্লাসে অনুপস্থিত থাকতে পারবে না। অসুস্থতা ও অনিবার্য কোন কারণে অননুমোদিত অনুপস্থিতির জন্য পরবর্তী উপস্থিতির দিনেই অভিভাবক এবং গ্রুপটিচার /আবাসিক শিক্ষকের সুপারিশসহ লিখিত দরখাস্ড় ক্যাম্পাস ভিজিল্যান্স প্রধানের নিকট জমা দিতে হবে।

০৮। বার্ষিক পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে এবং দ্বাদশ শ্রেণিতে প্রমোশনের ক্ষেত্রে সকল বিষয়ে উত্তীর্ণ হতে হবে।

০৯। দ্বাদশ শ্রেণির প্রাক-নির্বাচনী পরীক্ষায় আংশিক বা পূর্ণ অনুপস্থিত থাকলে বা অকৃতকার্য হলে কলেজ থেকে ছাড়পত্র নিতে হবে।

১০। নির্বাচনী পরীক্ষায় যে কোন ১টি বিষয়ে/যে কোন ১টি ব্যবহারিক পরীক্ষায় অনুপস্থিত থাকলে বা অনুত্তীর্ণ হলে কোন ক্রমেই বোর্ড ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

১১। মাসিক/টার্মিনাল পরীক্ষায় অকৃতকার্য হলে কিংবা কোন পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে বিধি অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। দ্বাদশ শ্রেণিতে নির্বাচনী পরীক্ষার পরপরই পরীক্ষার্থীদের কোচিং ক্লাস শুরু হবে। উক্ত কোচিং ক্লাসে উপস্থিত থাকা নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ সকল শিক্ষার্থীর জন্য বাধ্যতামূলক।

১৩। ছুটির পূর্বে ক্যাম্পাস ত্যাগ করতে হলে ক্যাম্পাস ভিজিল্যান্স প্রধানের অনুমতি নিতে হবে।

১৪। শিক্ষার্থীদের সকল প্রকার প্রয়োজন/অভিযোগের কথা সর্বপ্রথম সংশিষ্ট গ্রুপ টিচার/আবাসিক শিক্ষককে জানাতে হবে।

১৫। ক) লাইব্রেরীর বই ১৫ দিনের জন্য ইস্যু করা হবে। প্রয়োজনে মাত্র ১ বার ৭ দিনের জন্য নবায়ন করা হয়।

খ) কোন বই ছিঁড়ে ফেললে, বইয়ে দাগাদাগি করলে, লেখালেখি করলে বা বই হারিয়ে ফেললে সংশিষ্ট শিক্ষার্থী উক্ত বইয়ের নতুন কপি অথবা উহার মূল্য জমা দিতে বাধ্য থাকবে।

১৬। অনাবাসিক শিক্ষার্থীরা কোনক্রমেই হোস্টেলে যাতায়াত করতে পারবে না।

১৭। কলেজ কর্তৃপক্ষের সরাসরি তত্ত্বাবধানে উভয় ক্যাম্পাসের ভেতরে একটি করে মিনি ক্যান্টিনের ব্যবস্থা রয়েছে। ছাত্র-ছাত্রীরা প্রয়োজনে সেখান থেকে হালকা নাস্তা বা প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয় করতে পারবে।




## জরিমানা বিধি

কলেজের কোন আসবাবপত্র, লাইট, ফ্যান, ইলেক্ট্রিক যন্ত্রপাতি বা অন্য কোন কিছুর ক্ষতি করলে ক্ষতিগ্রস্ত জিনিসের মেরামত খরচ বর্তমান মূল্যে আদায় করা হবে। দোষী ব্যক্তিকে সনাক্ত করা সম্ভব না হলে সংশ্লিষ্ট ক্লাসের সকল ছাত্র/ছাত্রীদের নিকট থেকে উক্ত জরিমানা আদায় করা হবে।

## আচরণ বিধি

০১। কোন আত্মীয় স্বজন বা বন্ধু-বান্ধব সঙ্গে নিয়ে ক্যাম্পাসে প্রবেশ করা যাবে না।

০২। শিক্ষক/কর্মচারীদের সাথে শালীন ও শোভনীয় আচরণ করতে হবে। কোন শিক্ষক /কর্মচারীর বিরুদ্ধে কোন অভিযোগ থাকলে তা অধ্যক্ষকে জানাতে হবে।

০৩। প্রাতিষ্ঠানিক সম্পদের কোনরূপ ক্ষতি করা যাবে না।

০৪। প্রতিষ্ঠানের দেয়াল, দরজা, চেয়ার, টেবিল, বেঞ্চ ইত্যাদিতে কোন কিছু লেখা/আঁকা যাবে না।

০৫। মিথ্যা বলা, পরস্পর অশোভন আচরণ বা ঝগড়া-ঝাটি কিংবা মারামারি এবং আইন শৃঙ্খলা পরিপন্থি কোন কাজ করা যাবে না।

০৬। ক্লাস চলাকালে কোন শিক্ষার্থী ক্যাম্পাস প্রাঙ্গণে, বারান্দায় বা অন্যত্র ঘুরাফেরা করতে পারবে না।

০৭। বাথরুম, টিফিন কেনা, অযু করা, ক্লাস রুমে প্রবেশ ও বের হওয়ার সময় পূর্ণ শৃঙ্খলা বজায় রাখতে হবে। ক্যাম্পাসের ভেতরে কোন রূপ হৈ-চৈ বা শোরগোল করা যাবে না।

০৮। বিনষ্ট কাগজপত্র, ময়লা/আবর্জনা যেখানে সেখানে ফেলা যাবে না।

০৯। ক্যাম্পাসে কোন প্রকার রাজনৈতিক কার্যকলাপ চালানো যাবে না।

১০। ধূমপান সম্পূর্ণ নিষিদ্ধ।



## ইউনিফর্ম...





ক) ছাত্রদের গ্রীষ্মকালীন পোশাক (২ সেট)

ফুলপ্যান্ট (নেভি বু-জাপানি)

ডিজাইন ঃ সোজা কাট, সামনের দিকে ডানে ও বামে দুটি করে টোকেন এবং ২টি ক্রস পকেট, পেছনে ১টি হিপ পকেট এবং ৬টি করে লুপ থাকবে।

হাফ শার্ট (৬৫-৩৫ জাপানি টেট্রন-সাদা)

ডিজাইন ঃ দুই দিকে বুক পকেট, সোজা কাট, ঢাকনা ইউনিয়ন টাইপ (সাদা), সোল্ডার ফ্ল্যাপ (নেভি বু), (গোল্ডেন স্টাইপ আবাসিকদের জন্য) বেল্ট ঃ কালো।

জুতা ঃ কালো সু+সাদা মোজা

খ) ছাত্রদের শীতকালীন পোশাক ঃ (২ সেট)

ফুল হাতা শার্ট (৬৫-৩৫ জাপানি টেট্রন-সাদা)

ডিজাইন ঃ গ্রীষ্মকালীন পোশাকের অনুরূপ।

সোয়েটার ঃ ফুলহাতা খয়েরি রঙের সোয়েটার।

বাকী গ্রীষ্মকালীন পোশাকের অনুরূপ।

গ) ছাত্রীদের পোশাক ঃ (২ সেট)

সালোয়ার ঃ (৬৫-৩৫ জাপানি টেট্রন-সাদা)

কামিজ ঃ (৬৫-৩৫ জাপানি টেট্রন-আকাশি) পেছনে চেইন লুজ ফিটিং, হাফ হাতা সাইড কাটা ১/২ ইঞ্চি চওড়া বেল্ট (আকাশি)

এপ্রোন ঃ ফুল হাতা সাদা এপ্রোন (৬৫-৩৫ জাপানি টেট্রন) মাঝামাঝি ডানে ও বামে ২টি পকেট।

ওড়না ঃ সাদা।

হেড স্কার্ফ ঃ সাদা (৬৫-৩৫ জাপানি টেট্রন) (নেভি বু পাইপেন আবাসিকদের জন্য)

জুতা ঃ ফিতাওয়ালা কালো স্যান্ডেল।

শীতকালের জন্য খয়েরি রঙের সোয়েটার।

**বোরকা পরিধানকারী ছাত্রীদের কলেজ নির্ধারিত ডিজাইনের সাদা রঙের বোরকা, সাদা স্কার্ফ/নেকাব ও সাদা সালোয়ার পরিধান করতে হবে।**

বিঃ দ্রঃ- নির্দিষ্ট দোকান থেকে পোশাক ও সোয়েটার তৈরি করতে হবে।



## হোস্টেলের নিয়মাবলি...

০১। অনিয়মিত কোন শিক্ষার্থীকে হোস্টেলে সিট দেয়া হয় না।

০২। প্রতি মাসের প্রথম সপ্তাহের মধ্যে মাসিক হোস্টেল চার্জ কলেজ অফিসে জমা দিতে হবে। ৮-৩০ তারিখের মধ্যে দিলে টা. ১০০/- এবং পরবর্তী মাসে দিলে টা. ২০০/- জরিমানা দিতে হবে।

০৩। প্রতিদিন সকালে ও বিকালে নাস্তা এবং দুপুরে ও রাতে মানসম্মত খাবার পরিবেশন করা হবে। গ্রুপ ভিত্তিতে পালাক্রমে খাবার গ্রহণ করতে হবে।

০৪। স্বাস্থ্যগত কারণে কোন খাদ্য গ্রহণে বিধি-নিষেধ থাকলে তা ভর্তি ফরমে উল্লেখ করতে হবে।

০৫। সকাল ৮.৩০ টার পূর্বে সকালের নাস্তা এবং রাত ১০.০০ টার পূর্বে রাতের খাবার খেয়ে নিতে হবে। বাড়ি থেকে ফিরে এসে মিল চালু করার জন্য হোস্টেল সুপার/আবাসিক শিক্ষককে জানাতে হবে।

০৬। আবাসিক ছাত্র-ছাত্রীরা শুধু একাধারে ৩-৪ দিনের অধিক সময়ের জন্য কলেজ ছুটি হলে বাড়ি যেতে পারবে।

০৭। হোস্টেল সুপারের অনুমতি ছাড়া ছাত্র-ছাত্রীদেরকে হোস্টেলের বাহিরে যেতে দেওয়া হবে না। যাবতীয় কেনাকাটা ও ব্যক্তিগত কাজ ছুটির সময় বাড়ি থেকে করে আসতে হবে।

০৮। প্রতি শুক্রবার সকাল ৯.৩০ টা থেকে রাত ১১.৩০ টা পর্যন্ত স্ব-স্ব পুত্র/কন্যা/পোষ্যের সাথে অভিভাবকবৃন্দ হোস্টেলে সাক্ষাৎ করতে পারবেন।

০৯। পিতা-মাতা, সহোদর ভাই-বোন ও অনুমোদিত স্থানীয় অভিভাবক ছাড়া অন্য কারোর সাথে ছাত্র-ছাত্রীদের সাক্ষাৎ নিষিদ্ধ। প্রত্যেক অভিভাবক স্ব-স্ব শিক্ষার্থীর সাথে প্রতি সপ্তাহে তিনদিন রাত ৮-১০ টা পর্যন্ত মোবাইলে কথা বলতে পারবেন, তবে রাত ১০.০০ টার পর কথা বলতে দেয়া হবে না।

১০। ছাত্র-ছাত্রীদের পিতামাতা এবং ভর্তির আবেদনপত্রে উলিখিত স্থানীয় অভিভাবক ব্যতীত অন্য কারোর সাথে ফোনে অথবা মোবাইলে যোগাযোগ করতে দেয়া হবে না।

১১। অভিভাবকবৃন্দ সরাসরি কোন শিক্ষার্থীর রুমে প্রবেশ করতে পারবেন না। সাক্ষাতের জন্য কারও সাথে ফোনে অথবা মোবাইলে যোগাযোগ করতে দেয়া হবে না।

১২। সামাজিক কোন অনুষ্ঠানের কারণে ছাত্র-ছাত্রীকে ছুটি দেয়া হবে না। তবে গুরুতর অসুস্থ নিকট আত্মীয়কে দেখার জন্য স্বল্প সময়ের ছুটি নিতে পারবে।

১৩। হোস্টেলে কোন অবস্থাতেই কোন অতিথি রাখা বা আপ্যায়ন করা যাবে না।

১৪। হোস্টেলে অবস্থানকালে ছাত্র-ছাত্রীদের কাছে মোবাইল, সিমকার্ড, বাইনোকুলার, ক্যামেরা, ভিডিও, রেডিও, ক্যাসেট পেয়ার, বাদ্যযন্ত্র, হিটার, টেবিল ফ্যান, পার্সোনাল কম্পিউটার, ইস্ত্রি, মূল্যবান গহনা, নগদ টাকা-পয়সা ইত্যাদি রাখা নিষিদ্ধ।

১৫। কলেজের নির্ধারিত/ অনির্ধারিত ছুটির জন্য হোস্টেল বন্ধ থাকলে অথবা শিক্ষার্থীর ব্যক্তিগত কারণে হোস্টেলের বাইরে অবস্থান করলে অথবা কোন কারণে কোচিং ক্লাস বন্ধ থাকলে মাসিক হোস্টেল চার্জ মওকুফ বা হ্রাস করা হবে না।

১৬। ক্লাসে যাবার আগে, ডাইনিং রুমে যাবার আগে, খেলাধুলার জন্য বাইরে যাবার আগে এবং ছুটির সময় হোস্টেল ত্যাগের আগে স্ব-স্ব কক্ষের লাইট ও ফ্যান অবশ্যই বন্ধ করে যেতে হবে।

১৭। ছুটি উপলক্ষ্যে হোস্টেল ত্যাগের পূর্বে স্ব-স্ব কক্ষের জানালা অবশ্যই বন্ধ করে যেতে হবে।



## হোস্টেলের নিয়মাবলি...

১৮। রাত ১২ টার পর কোনক্রমেই বাতি জ্বালিয়ে রাখা যাবে না।

১৯। কোন কারণে একজন অন্যজনের কক্ষে যেতে পারবে না।

২০। ছুটির সময় এবং ছুটি নিয়ে হোস্টেল ত্যাগ করলে নির্ধারিত তারিখ ও সময়ে হোস্টেলে ফিরে আসতে হবে।

২১। জন্মদিন, সংবর্ধনা ও দিবস পালন উপলক্ষ্যে হোস্টেলে কোন অনুষ্ঠানের আয়োজন করা যাবে না।

২২। হোস্টেলে অবস্থানকালে দিনে-রাতে কোন সময়ই রুমের ভিতর থেকে দরজা বন্ধ করা যাবে না।

২৩। সান্ধ্যকালীন কোচিং আবাসিক ছাত্র-ছাত্রীদের জন্য বাধ্যতামূলক।

২৪। পাঠ্যপুস্তক ও ধর্মীয় পুস্তক ব্যতীত অন্য কোন প্রকার বই পুস্তক রাখা যাবে না।

২৫। ধূমপান বা নেশাজাতীয় সর্বপ্রকার দ্রব্যাদি সম্পূর্ণ নিষিদ্ধ। এরূপ কোন দ্রব্যাদি পাওয়া গেলে হোস্টেল থেকে বহিষ্কার করা হবে।

২৬। প্রয়োজনে যে কোন সময় যে কোন ছাত্র-ছাত্রীর কক্ষ পরিবর্তন করা হবে। এ ব্যাপারে কোনরূপ আপত্তি করা চলবে না।

২৭। পানি ও বিদ্যুৎ খরচে মিতব্যয়ী হতে হবে। কোনরূপ অপচয় করা যাবে না।

২৮। কোন ছাত্র-ছাত্রী স্বীয় কক্ষে বসবাসকারী অপর ছাত্র-ছাত্রীর পড়াশুনায় কোন রকম বিঘ্ন সৃষ্টি করতে পারবে না।

২৯। বার্ষিক/নির্বাচনী পরীক্ষায় অনুত্তীর্ণ হলে হোস্টেলের সিট বরাদ্দ আপনা-আপনি বাতিল হয়ে যাবে।

৩০। কোন কারণে হোস্টেলে, ডাইনিং রুমে, ক্লাস রুমে ও খেলাধুলার সময় কোন হৈ-চৈ বা হট্টগোল করা যাবে না। কারও বিরুদ্ধে কোন অভিযোগ থাকলে বা কোন ব্যাপারে কোন সমস্যা দেখা দিলে তা সংশিষ্ট আবাসিক শিক্ষককে জানাতে হবে।

৩১। ছাত্র-ছাত্রীদের কিচেনে প্রবেশ সম্পূর্ণ নিষিদ্ধ।

৩২। প্রতিদিন ফজরের নামাজের পর থেকে ক্লাসে যাওয়ার পূর্ব পর্যন্ত গোসল এবং নাস্তা খাওয়া ব্যতীত অন্য সময়ে পড়াশুনা করতে হবে। ঘুমিয়ে ও গল্পগুজব করে বা অন্য কোনভাবে সময় নষ্ট করা যাবে না।

৩৩। উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরুর পর ব্যবহারিক পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোন পরীক্ষার্থী হোস্টেল ত্যাগ করতে পারবে না।

৩৪। হোস্টেল সুপার, আবাসিক শিক্ষক অথবা অপর কোন শিক্ষক বা কর্মচারীর সঙ্গে কোনক্রমেই অশোভন আচরণ করা যাবে না। তাঁদের কারও বিরুদ্ধে কোন অভিযোগ থাকলে তা সরাসরি অধ্যক্ষকে জানাতে হবে।

৩৫। নিয়ম-শৃঙ্খলা পরিপন্থি, নৈতিকতা বিরোধী ও অসামাজিক কোন কার্যকলাপে জড়িত হলে সংশিষ্ট ছাত্র-ছাত্রীকে হোস্টেল/কলেজ থেকে সরাসরি বহিষ্কার করা হবে।

৩৬। হোস্টেলের সিট এক শিক্ষাবর্ষের জন্য বরাদ্দ দেওয়া হয়। দ্বাদশ শ্রেণীর শুরুতে ছাত্র/ছাত্রীদের বিগত বছরের আচার-আচরণ মূল্যায়নের ভিত্তিতে হোস্টেল সুপার ও আবাসিক শিক্ষকদের সুপারিশক্রমে সিট বরাদ্দ নবায়ন বা বাতিল করা হবে।





# আবাসিক ছাত্র-ছাত্রীদের জিনিসপত্রের তালিকা...

- কলেজ ইউনিফর্ম (গ্রীষ্মকালীন- ২ সেট, শীতকালীন- ২ সেট)
- সিঙ্গেল সাইজ তোশক ১টি ও লেপ ১টি, সিঙ্গেল সাইজ বিছানার চাদর ২টি।
- বালিশ ১টি, মশারি ১টি, পাতলা কাঁথা ১টি।
- পায়জামা পাঞ্জাবি ১ সেট (ইচ্ছামত), টুপি ২টি (ইচ্ছামত) (মুসলিম ছাত্রদের জন্য প্রযোজ্য)
- স্পঞ্জের স্যান্ডেল ১ জোড়া, চামড়ার স্যান্ডেল ১ জোড়া (কালো)
- গামছা/তোয়ালে, লুঙ্গি, গেঞ্জি ২টি করে।
- ফতুয়া, হাফশার্ট, ফুলশার্ট (ইচ্ছামত) ১টি করে।
- আয়না, চিরুনী, টুথব্রাশ, টুথপেস্ট, পাউডার, সাবানদানী, গোসলের সাবান, মাথার তেল।
- সুই-সুতা।
- ছাতা ১টি।
- ইংরেজি-বাংলা, বাংলা-ইংরেজি, অভিধান- ১টি করে (বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত)
- জ্যামিতি বক্স, সায়েন্টিফিক ক্যালকুলেটর (যাদের জন্য প্রযোজ্য) ১টি করে।
- সাদা কাগজ ৫ দিস্তা, কালো বলপেন ১ ডজন, পেন্সিল ৩টি।
- তালা-চাবিসহ ১টি সুটকেস/ট্রাংক।
- চার্জার লাইট।

---

*বিঃ দ্রঃ- উক্ত মালামাল হোস্টেলে প্রবেশের প্রথম দিনে আবাসিক শিক্ষকের নিকট বুঝিয়ে দিতে হবে। অন্যথায় হোস্টেলে প্রবেশের অনুমতি দেয়া হবে না।*

EIIN : 131936

২০০৫-২০১৭

ARMC

"মেধায় মননে আমরা সবাই যুগের সেরা হবো"

যুগপূর্তি

ক্যাম্পাস : ৯, শ্যামাচরণ রায় রোড, ময়মনসিংহ

ফোন : ০৯১-৬৫৮০৫, ৬৫৬১১, মোবাইল : ০১৫৫৮-৩৪৮৩৭৫ (অফিস), ০১৭৬৮-৭০৩৫৭৫-৭৬ (আবাসিক)

আবাসিক ক্যাম্পাস

ছাত্র: নিজাম নগর, ঢাকা বাইপাস, সদর, ময়মনসিংহ

ছাত্রী: ৯, শ্যামাচরণ রায় রোড, ময়মনসিংহ

Website: armc.edu.bd, E-mail: armcmymensingh@gmail.com

পরিচালনায় : এ্যাডভান্সড রেসিডেন্সিয়াল মডেল কলেজ ফাউন্ডেশন